সমকাল

তারিখ . 25 OCT 2016 ... ...
পৃষ্ঠা 8 ... ... কলাম 5 ... ......

ত্রুটিপূর্ণ প্রশ্নপত্র

# মানিকগঞ্জের সেই শিক্ষকের বিরুদ্ধে মামলা

■ সমকাল প্রতিবেদক

সিলেবাসবহির্ভূত, সমাজবিরোধী ও ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন সৃজনশীল প্রশ্নপত্র তৈরির অভিযোগে মানিকগঞ্জ সরকারি বালক উচ্চবিদ্যালয়ের এক শিক্ষকের বিরুদ্ধে মামলা হয়েছে। তার নাম ইব্রাহিম দেওয়ান (৪৭)। মানিকগঞ্জ জেলার ঘিওর উপজেলার রসুলপুর গ্রামের মৃত আবদুর রহমান দেওয়ানের ছেলে তিনি। এই শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ– সপ্তম শ্রেণির বাংলাদেশ ও বিশ্বপরিচয় (বহুনির্বাচনী ও সৃজনশীল) অর্ধবার্ষিকী পরীক্ষার প্রশ্নপত্রে কোমলমতি শিক্ষার্থীদের মনে রাষ্ট্র ও সমাজ সম্পর্কে বিরূপ ধারণা সৃষ্টি করে এমন কিছু প্রশ্ন সন্নিবেশিত করেছেন। ওই প্রশ্নপত্রে পরীক্ষাও দিয়েছে বিদ্যালয়ের শিক্ষার্থীরা। বিষয়টি সর্বমহলে জানাজানি হলে শিক্ষক ইব্রাহিম দেওয়ানের বিরুদ্ধে মানিকগঞ্জ থানায় সাধারণ ডায়েরি করা হয়। গত ১০ জুলাই তার বিরুদ্ধে নিয়মিত মামলা হওয়ার পর তাকে গ্রেফতার করে আদালতে নিলে বিচারক তাকে কারাগারে পাঠিয়ে দেন। বর্তমানে তিনি কারাগারে আছেন।

অন্যদিকে শিক্ষকের বিরুদ্ধে ধর্মীয় অনুভূতিতে আঘাত করা, নারী-পুরুষের মধ্যে বিরোধ সৃষ্টি ও সমাজবিরোধী কর্মকাণ্ডের অভিযোগে আরেকটি মামলা করার প্রক্রিয়া চলছে। এ ধরনের মামলা করতে হলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতি নিতে হয়। এ পরিপ্রেক্ষিতে মানিকগঞ্জের পুলিশ সুপার মাহফুজুর রহমান মামলা করার অনুমতি চেয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আবেদন করেছেন। ফাইলটি এখন সিনিয়র সচিবের দপ্তরে আছে। শিগগিরই এ মামলার অনুমোদন দেওয়া হতে পারে।